Downloaded From : http://cbseportal.com/

# ALL INDIA SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION

# 2021-2022

# SAMPLE QUESTION PAPER

## SUBJECT - BENGALI ( বাংলা )

## FULL MARKS – 40

## SUBJECT CODE: 005

## CLASS –X

## SESSION – 2021 - 2022

## TERM– I

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

**Code No. 005**

- Please check that this question paper contains 19 printed pages.
- Please check that this question paper contains **07** questions.

The Question Paper is divided into **Three Sections**

| | | |
|---|---|---|
| **SECTION – A:** | READING: | **10 Marks** |
| **SECTION – B:** | GRAMMAR: | **10** Marks |
| **SECTION - C:** | LITERATURE: | **20 Marks** |

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

CLASS – X (2021 – 2022)

SUBJECT: BENGALI

Time Allowed : 90 minutes | Maximun Marks : 40

সময় – ৯০ মিনিট | সর্বমোট অঙ্ক : ৪০

## SECTION –A READING

## (UNSEEN COMPREHENSION)

1.নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো :

(A থেকে F-এর মধ্যে যে কোনও **চারটি** এবং G **প্রশ্নটির** উত্তর লেখা আবশ্যিক ) 1x5=5

আমাদের বাড়ির কাছে একটা খোলা পাহাড়ে জায়গা আছে ; চারিদিক খোলা, বড়ো গাছ খুব অল্প ; ছোটো ছোটো গুল্মের ঝোপ ও ঘাসে পূর্ণ , চারিদিক সবুজ, বিচিত্র গাছপালা নেই বলে জায়গাটি কেমন ধু-ধু করছে । মাঝে মাঝে এইরকম এবড়ো-খেবড়োর মধ্যে একেক জায়গায় -

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

ব্লু-বেল্‌স নামে ছোটো ছোটো ফুল ঘেঁসাঘেঁষি করে ফুটে সবুজের মধ্যে স্তূপাকার নীলরং ছড়িয়ে রেখেছে। কোথাও বা ঘাসের মধ্যে রাশ-রাশ সাদা ডেইজি ও হল্‌দে বাটারকাপ অজস্র সৌন্দর্যে প্রকাশিত।...... এখানে আমার একটি শখের বেড়াবার জায়গা আছে। গাড়ির চাকার দাগে এবড়ো-খেবড়ো উঁচুনিচু পাহাড়ে রাস্তা , দুধারে ব্ল্যাকবেরি ও ঘন লতাগুল্মের বেড়া, বড় বড় গাছ ছায়া করে আছে।—একেকটা বাড়ির কাছে ছোটো ছোটো পুকুরের মতো, সেখানে পোষা হাঁসগুলো ভাসছে। মাঠগুলো যদিও পাহাড়ে, উঁচুনিচু, কিন্তু চষা জমি সমতল ও পরিষ্কার। ঘাসগুলো অত্যন্ত সবুজ ও তাজা, এখানে রৌদ্র তীব্র নয় বলে ঘাসের রঙ আমাদের দেশের মতন জ্বলে যায়না। তাই এখানকার মাঠের দিকে চেয়ে থাকতে অত্যন্ত ভালো লাগে, অজস্র স্নিগ্ধ সবুজ রঙে চোখ যেন ডুবে যায়। মাঝে-মাঝে বড় গাছ ও সাদা-সাদা বাড়িগুলো দূর থেকে ছোটো ছোটো দেখাচ্ছে।

A. মাঠের দিকে তাকিয়ে দেখতে ভালো লাগে-- কারণ --

i. স্নিগ্ধ , সবুজ ও প্রাণবন্ত ঘাসের মাঝে অজস্র ফুল ফুটে আছে

ii. তীব্র রোদে ঝলসে যাওয়া নয় বরং মাঠ স্নিগ্ধ, সবুজ, সতেজ ঘাসে ঘেরা

iii. ঘন সবুজ মাঠ অনেক দূর পর্যন্ত দৃষ্টিসীমায় ধরা দেয়

iv. অজস্র ব্ল্যাকবেরি , ডেইজি ফুলের সৌন্দর্যে চোখ ডুবে যায়

B. ব্লু-বেল্‌স ফুলগুলি দেখতে কেমন?

i. বড়ো বড়ো সাদা রঙের

ii. ছোটো-ছোটো সবুজ রঙের

iii. ছোটো-ছোটো নীল রঙের

iv. ছোটো-ছোটো হলদে-সাদা রঙের

C. সাদা সাদা বাড়িগুলো ছোটো দেখাচ্ছে কেন ?

i. বাড়িগুলো আকারে ছোটো হওয়ার কারণে

Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

ii. মাঝে মাঝে বড়ো গাছ থাকার কারণে

iii. দৃষ্টিশক্তি কম হওয়ার কারণে

iv. দূরত্বের কারণে

D. সরকারি জায়গাটি ধু-ধু করছে কেন?

i. চারিদিক খোলামেলা আর সবুজ বলে

ii. চারিদিকে সবুজ প্রান্তর আর গুল্মের ঝোপ আছে , তাই

iii. সবুজ ঘাসে ছাওয়া উন্মুক্ত প্রান্তরে তেমন বড় গাছ নেই, শুধু গুল্মের ঝোপ আছে ,তাই

iv. উন্মুক্ত প্রান্তরে কিছু বড় আর বিচিত্র গাছপালা আছে বলে

E. 'সেখানে পোষা হাঁসগুলো ভাসছে'— কারণ : একেকটা বাড়ির কাছে ছোটো ছোটো পুকুরের মতো জলাশয় আছে।

i. মন্তব্য ও কারণ উভয়ই সঠিক

ii. মন্তব্য ভুল, কারণ সঠিক

iii. মন্তব্য সঠিক, কারণ ভুল

iv. মন্তব্য ও কারণ উভয়ই ভুল

F. 'চষা জমি' বলতে বোঝানো হয়েছে—

i. যে জমিতে চাষ করা হয়েছে

ii. যে জমি সমতল

iii. যে জমিতে এখনও চাষ করা হয় নি

iv. যে জমি রুক্ষ,পাথুরে কঠিন

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

G. এখানে রৌদ্র তীব্র নয় বলে ঘাসের রঙ আমাদের দেশের মতন জ্বলে যায়না — বাক্যটিকে সাধুভাষায় রূপান্তর করলে এর রূপ হবে---

i. এখানে রৌদ্র তীব্র নয় বলিয়া ঘাসের রঙ আমাদের দেশের মতন জ্বলে যায়না

ii. এখানে রৌদ্র তীব্র নহে বলে ঘাসের রঙ আমাদের দেশের মতন জ্বলিয়া যায়না

iii. এখানে রৌদ্র তীব্র নহে বলিয়া ঘাসের রঙ আমাদের দেশের মতন জ্বলিয়া যায় না

iv. এখানে রৌদ্র তীব্র নহে বলিয়া ঘাসের রঙ আমাদের দেশের মতন জ্বলে যায় না

2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো :

(A থেকে F এর মধ্যে যে কোন **চারটি** এবং G **প্রশ্নটির** উত্তর লেখা আবশ্যিক) 1x5= 5

চিত্রকর অবনীন্দ্রনাথের জীবনে ও কাজে যাঁরা গভীর ছাপ রেখে গেছেন তাঁদের মধ্যে জাপানি ভাবুক ও চিন্তক ওকাকুরা, ভগিনী নিবেদিতা, আনন্দ কেন্টিশ কুমারস্বামী প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখ করতে হয়। উনিশ শতকের একেবারে গোড়ায় ১৯০২ সালে ওকাকুরা কলকাতায় এলে স্বাভাবিক ভাবেই জোড়াসাঁকো ঠাকুরবাড়ির রবীন্দ্রনাথ, অবনীন্দ্রনাথ, সুরেন্দ্রনাথ প্রমুখর সঙ্গে তাঁর যোগাযোগ ঘটে। সেই পর্বে ওকাকুরার সাহায্যে জাপান থেকে ইয়োকোয়ামা টাইক্কান ও হিশিদা সুনসো নামে দু'জন শিল্পী জোড়াসাঁকোয় এসে চিত্রকলার পাঠ দিয়েছিলেন। অবনীন্দ্রনাথের ছবির আঙ্গিকে যে জাপানি শৈলী মিশ্রিত আছে, তা এই দুই শিল্পীদ্বয়ের কাছ থেকে তিনি প্রত্যক্ষ ভাবে জেনেছিলেন। স্বয়ং অবনীন্দ্রনাথ তাঁর 'জোড়াসাঁকোর ধারে' গ্রন্থে বলেছেন টাইক্কানের কাছে তাঁর তুলি চালনার পাঠ নেওয়ার কথা।বলেছেন, টাইক্কান আমায় লাইন ড্রইং শেখাত, কী করে তুলি টানতে হয়। আবার এর বিপরীত দিকটিও অবনীন্দ্রনাথ জানিয়েছেন, 'আমার কাছেও সে শিখত মোগল ছবির নানান টেকনিক।' তিনি 'জোড়াসাঁকোর ধারে' স্মৃতি-আলেখ্যে বলেছেন, 'সেই সময়ে টাইক্কানের ছবি আঁকা দেখে দেখেই একদিন আমার মাথায় এলো, জলে কাগজ ভিজিয়ে ছবি আঁকলে হয়। তাঁকে দেখতুম ছবিতে খুব করে জলের ওয়াশ দিয়ে ভিজিয়ে নিত। আমি আমার ছবিশুদ্ধ কাগজ দিলুম জলে ডুবিয়ে। তুলে দেখি বেশ সুন্দর একটা এফেক্ট্ হয়েছে। সেই থেকে ওয়াশ প্রচলিত হল।' ।

A. ওকাকুরার সঙ্গে অবনীন্দ্রনাথ ঠাকুরের যোগাযোগ কোথায় ঘটে ?

Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

i. চিনে

ii. জাপানে

iii. কলকাতায়

iv. শান্তিনিকেতনে

B. জোড়াসাঁকোয় এসে চিত্রকলার পাঠ দিয়েছিলেন এমন একজন বিখ্যাত শিল্পী হলেন-

i. ভগিনী নিবেদিতা।

ii. টাইক্কান

iii. হিসিদা সুনসো

iv. আনন্দ স্বামী।

C. অবনীন্দ্রনাথের ছবির আঙ্গিকে জাপানি শৈলী মিশ্রণের কারণ হল –

i. আনন্দ কেন্টিশ কুমারস্বামীর প্রত্যক্ষ প্রভাব।

ii. ভগিনী নিবেদিতার প্রত্যক্ষ প্রভাব।

iii. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রত্যক্ষ প্রভাব

iv. জাপানি দুই শিল্পীর প্রত্যক্ষ প্রভাব।

D. টাইক্কানের ছবি আঁকার কোন আঙ্গিক থেকে অবনীন্দ্রনাথের ওয়াশ ছবির সূচনা?

i. ছবিতে খুব করে জলের ওয়াশ দিয়ে ভিজিয়ে নেওয়া।

ii. ছবিশুদ্ধ কাগজ জলে ডুবিয়ে দেওয়া।

Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

iii. ছবির মধ্যে প্রভূত পরিমাণে জল ছিটিয়ে দেওয়া।

iv. ছবিটিকে জলরঙে চুবিয়ে দেওয়া।

E. অবনীন্দ্রনাথ ঠাকুর রচিত বিখ্যাত গ্রন্থটির নাম কী?

i. জোড়াসাঁকো

ii বেঙ্গল স্কুল

iii. জোড়াসাঁকোর ধারে

iv. বেঙ্গল স্কুলের ছবির ধারা।

F. মন্তব্য : আবার এর বিপরীত দিকটির কথাও অবনীন্দ্রনাথ জানিয়েছেন, যুক্তি : আমার কাছেও সে শিখত মোগল ছবির নানান টেকনিক'-

i. মন্তব্যটি ভুল, যুক্তি সঠিক

ii. মন্তব্যটি ও যুক্তি - দুটিই সঠিক

iii. মন্তব্যটি ও যুক্তি - দুটিই ভুল

iv. মন্তব্যটি সঠিক, যুক্তিটি ভুল।

G. রবীন্দ্র - সন্ধি বিচ্ছেদ করলে হবে-

i. রবী + ইন্দ্র

ii. রবি + ইন্দ্র

iii. রবি: + ইন্দ্র

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

iv. রবি + ঈন্দ্র

## SECTION – B : (GRAMMAR)

3. প্রদত্ত বিকল্পগুলি থেকে **সন্ধির** সঠিক উত্তরটি নির্বাচন কর : (যে কোনও **পাঁচটি**) 1x5=5

A. অব্জ =

i. অব্ + জ

ii. অপ্ + জ্জ

iii. অপ্ + জ

iv. অপ + জ

B. ষণ্ণবতি =

i. ষট্ + ণবতি

ii. ষড়্ + নবতি

iii. ষড্ + নবতি

iv. ষট্ + নবতি

C. বৃক্ষচ্ছায়া - কোন দুটি বর্ণের মধ্যে সন্ধি হয়েছে?

i. ক্ + ছ্

ii. ক্ষ + ছ্

iii. ক্ষ + চ্

iv. অ + ছ্

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

D. উৎ + স্থান =

i. উত্থান

ii. উদ্যান

iii. উৎস্থান

iv. উদস্থান

E. যা + ইচ্ছে + তাই =

i. যাইচ্ছেতাই

ii. যাচ্ছেতাই

iii. যাচ্ছাতাই

iv. যাতাই

F. দিগন্ত - কোন দুটি বর্ণের মধ্যে সন্ধি হয়েছে?

i. ক + গ্ = গ্

ii. দ্ + গ্ = গ্

iii. ক্ + অ = গ্

iv. ই + গ্ = গ্

4. প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক রূপান্তরটি বেছে লেখ : (যে কোনও **পাঁচটি**) 1x5=5

A. লক্ষ্মণের কথা শুনে নায়েব স্তম্ভিত হয়ে গেলেন।

Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

সাধু ভাষায় রূপান্তরিত করলে হবে—

i. লক্ষ্মণের কথা শুনিয়া নায়েব স্তম্ভিত হয়ে গেলেন।

ii. লক্ষ্মণের কথা শুনে নায়েব স্তম্ভিত হইয়া গেলেন।

iii. লক্ষ্মণের কথা শুনিয়া নায়েব স্তম্ভিত হইয়া গেলেন।

iv. লক্ষ্মণের কথা শুনে নায়েব স্তম্ভিত হওয়ে গেলেন।

B. গৌরবী আর হারা অন্ধকারে গ্রাম ছেড়ে শহরে পালিয়ে গেল।

সাধু ভাষায় রূপান্তরিত করলে হবে..

1. গৌরবী আর হারা অন্ধকারে গ্রাম ছাড়াইয়া শহরে পালিয়ে গেল।

ii. গৌরবী আর হারা অন্ধকারে গ্রাম ছেড়ে শহরে পলায়ন করিল।

iii গৌরবী আর হারা অন্ধকারে গ্রাম ছাড়িয়া শহরে পালিয়ে গেল।

iv. গৌরবী আর হারা অন্ধকারে গ্রাম ছাড়িয়া শহরে পলায়ন করিল।

C. তুমি যে কষ্ট ভোগ করিতেছ তাহা তোমারই কৃতকর্মের ফল।

চলিত বাক্যে রূপান্তরিত করলে হবে—

1. তুমি যে কষ্ট ভোগ করিয়াছ তা তোমারই কৃতকর্মের ফল।

ii. তুমি যে কষ্ট ভোগ করছ তা তোমারই কৃতকর্মের ফল।

iii. তুমি যে কষ্ট ভোগ করেছ তা তোমারই কৃতকর্মের ফল।

iv. তুমি যে কষ্ট ভোগ কর তা তোমারই কৃতকর্মের ফল।

Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From :http://cbseportal.com/

D. বন্দুকে–পিস্তলে এঁর অভ্রান্ত লক্ষ্য, পদ্মানদী সাঁতার কেটে পার হয়ে যান।

সাধু বাক্যে রূপান্তরিত করলে হবে-

i. বন্দুকে–পিস্তলে এঁর অভ্রান্ত লক্ষ্য, পদ্মানদী সাঁতার কাটিয়া পার হয়ে যান।

ii. বন্দুকে–পিস্তলে ইঁহার অভ্রান্ত লক্ষ্য, পদ্মানদী সাঁতার কাটিয়া পার হইয়া যান।

iii. বন্দুকে–পিস্তলে এঁর অভ্রান্ত লক্ষ্য, পদ্মানদী সাঁতার কাটাইয়া পার হয়ে যান।

iv. বন্দুকে–পিস্তলে ইঁহার অভ্রান্ত লক্ষ্য, পদ্মানদী সাঁতার কেটে পার হইয়া যান।

E. মহাভয় তাঁর পায়ের কাছে কাঁপছে একটুখানি ছায়ার মতো!

সাধু বাক্যে রূপান্তরিত করলে হবে-

i. মহাভয় তাঁর পায়ের কাছে কাঁপিতেছে একটুখানি ছায়ার মতো!

ii. মহাভয় তাঁদের পায়ের কাছে কাঁপিতেছে একটুখানি ছায়ার মতো!

iii. মহাভয় তাঁহার পায়ের কাছে কাঁপিতেছে একটুখানি ছায়ার মতো!

iv. মহাভয় তাঁর পায়ের কাছে কাঁপাইতেছে একটুখানি ছায়ার মতো!

F. মেঘরাজ্যের উপরে উঠিয়া আসিয়াছি।

চলিত বাক্যে রূপান্তরিত করলে হবে-

i. মেঘরাজ্যের উপরে উঠাইয়া আসিতেছি।

ii. মেঘরাজ্যের উপরে উঠে এসেছি।

iii. মেঘরাজ্যের উপরে উঠে আসলাম।

iv. মেঘরাজ্যের উপরে উঠে আসিতেছি।

Downloaded From :http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

## SECTION – C : (LITERATURE & SUPPLEMENTARY READER)

5. **গদ্য** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো : (যে কোনও **দশটি**) 1x10=10

A. 'রত্নের মূল্য জহুরীর কাছেই' – পাঠ্য গল্পে 'জহুরী' শব্দটি কোন্ অর্থে প্রযুক্ত?

i. বহুমূল্য রত্নের সমঝদার

ii. সাহিত্যের সমঝদার

iii. সোনা-রুপো প্রভৃতি বহুমূল্য ধাতুর গুণগত মান নির্ণায়ক

iv. বহুমূল্য হীরের উৎকর্ষ নির্ণায়ক

B. আলোবাবু প্রকৃতপক্ষে ছিলেন একজন –

i. আত্মকেন্দ্রিক মানুষ

ii. হুজুগে মানুষ

iii. সেবাপরায়ণ মানুষ

iv. কুঁড়ে প্রকৃতির মানুষ

C. জীবন্ত কোনও জিনিস পোষবার সামর্থ আলোবাবুর ছিল না-- কারণ তাঁর নিজেরই কোনও স্থায়ী বাসস্থান ছিল না ----

i. মন্তব্যটি ভুল, কারণ সঠিক

ii. মন্তব্যটি ও কারণ-দুটিই সঠিক

iii. মন্তব্যটি ও কারণ-দুটিই ভুল

iv. মন্তব্যটি সঠিক, কারণ ভুল

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

D. 'হঠাৎ ভয়ানক একটা উত্তেজনা অনুভব করে তপন' – কখন তপনের এই প্রতিক্রিয়া হয়েছিল ?

i. তপনের লেখা গল্প পত্রিকায় প্রকাশিত হওয়ার পর

ii. ছোটোমেসো একজন লেখক তা জানার পর

iii. ছোটোমাসির বিয়েতে এসে

iv. একটা আস্ত গল্প লিখে ফেলার পর

E. একদিন সকালে কথকের কাছে আলোবাবু কোন্ সাহায্যের প্রত্যাশায় এসেছিলেন ?

i. অর্থের প্রত্যাশায়

ii. বিনুর কুকুরের চিকিৎসার জন্য

iii. আহত পাখির ছানার চিকিৎসার জন্য

iv. আশ্রয়ের প্রত্যাশায়

F. 'তপন যেন কোথায় হারিয়ে যায়'—কখন?

i. নিজেই যখন একটা গল্প লিখে ফেলে

ii. পত্রিকায় ছাপার অক্ষরে নিজের নামসহ গল্পটি দেখে

iii. সকলে যখন তার লেখার প্রশংসা করে

iv. সকলে যখন গল্পটি পত্রিকায় প্রকাশিত হওয়ার পুরো কৃতিত্ব মেসোকে দেয়

G. আলোবাবু চোখের জল ফেলছিলেন কেন?

i. প্রিয় ঘড়িটি অচল হয়ে যাওয়ায়

ii. প্রিয় ঘড়িটি হারিয়ে যাওয়ায়

iii. অবিনাশ বাবুর বাড়ি থেকে আশ্রয়চ্যুত হওয়ায়

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

iv. হাসপাতালের চাকরি চলে যাওয়ায়

H. সমাজের সঙ্গে আলোবাবু কিছুতেই নিজেকে খাপ খাওয়াতে পারলেন না -- কারণ

i. সমাজের রীতি-নীতি দৃষ্টিভঙ্গির সঙ্গে আলোবাবুর মানসিক দূরত্ব

ii. কারোর সঙ্গেই তাঁর বনিবনা হতো না

iii. তিনি নিজে শারীরিক ভাবে অসুস্থ ছিলেন

iv. তিনি সকলের সিদ্ধান্তের বিরুদ্ধাচরণ করতেন

I. মামার বাড়িতে এলে তপনের সব কিছুই ছোটোমাসির কাছে --- কারণ : বছর আষ্টেকের বড়ো ছোটোমাসিই ওর চিরকালের বন্ধু ।

i. মন্তব্যটি ভুল, কারণ সঠিক

ii. মন্তব্য ও কারণ- দুটিই সঠিক

iii. মন্তব্য ও কারণ- দুটিই ভুল

iv. মন্তব্যটি সঠিক, কারণ ভুল

J. অবিনাশ বাবু পেশায় একজন –

i. স্বনামধন্য চিকিৎসক

ii. নামজাদা অধ্যাপক

iii. স্বনামধন্য লেখক

iv. নামজাদা উকিল

K. হাসপাতালে আলোবাবুকে কোন্ কাজে বহাল করা হয়েছিল?

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

i. হাসপাতালের বহির্বিভাগ দেখাশোনা

ii. প্রবেশনার ড্রেসার

iii. রোগীদের প্রতিদিন ওষুধ খাওয়ানো

iv. প্রবেশনার অ্যাকাউন্টেন্ট

L. তপনের প্রকৃত জ্ঞানচক্ষুর উন্মীলন হয় কখন?

i. সেও যে লেখকদের মতো নিজে একটা গল্প লিখতে পারে-তা উপলব্ধির পর

ii. জলজ্যান্ত লেখক মেসোকে সামনে থেকে দেখার পর

iii. পত্রিকায় প্রকাশিত তার গল্পের মধ্যে স্বকীয়তা খুঁজে না পেয়ে

iv. মা-ও যে অন্য সকলের মতো তার প্রতিভাকে খাটো করে দেখছে - এটা বোঝার পর

6. **কবিতা** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো : ( যে কোনও **পাঁচটি** ) 1x5=5

A. 'সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব'? এখানে 'খাঁচা' বলতে কী বোঝানো হয়েছে?

i. পাখির বড়ো খাঁচা

ii. শহুরে যান্ত্রিক জীবন

iii. বনভূমি বেষ্টিত তিন পাহাড়

iv. পাহাড় ঘেরা ঘন অরণ্য

B). নিম্নলিখিত কাব্যগ্রন্থগুলির মধ্যে কোন্‌টি শক্তি চট্টোপাধ্যায়ের লেখা ?

i. সোনার তরী

ii. সঞ্চিতা

iii. যেতে পারি কিন্তু কেন যাব

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

iv. জলই পাষাণ হয়ে আছে

C. 'সেদিকে পথ আছেই' – কোন্ পথের কথা বলা হয়েছে ?

i. বনভূমি পেরিয়ে দূরের মেঠো পথ

ii. শহরের ক্লান্তি থেকে মুক্তি দেয় যে প্রকৃতি অভিমুখী পথ

iii. জনমানবহীন স্টেশনের দিকে যে পথ গেছে

iv. পাহাড়ী গ্রামের পথ

D. 'তিন পাহাড়ের নকশীকাঁথায় শিশুর কলরব'—'তিন পাহাড়ের নকশীকাঁথা' বলতে কবি প্রকৃতপক্ষে কী বোঝাতে চেয়েছেন ?

i. শিশুর জন্য বানানো নক্‌শা করা কাঁথা

ii. নক্‌শি কাঁথার মতো তিন পাহাড়ের কোলের বর্ণময় প্রকৃতি

iii. গ্রামে বানানো নক্‌শা করা কাঁথা

iv. নক্‌শা করা গায়ের চাদর বিশেষ

E. 'মনোভূমির দ'য়' বলতে কবি বুঝিয়েছেন---

i. পাহাড়ের কাছের হ্রদকে

ii. গভীর অরণ্যভূমিকে

iii. অন্তরের অন্তঃস্তল

iv. অরণ্যের ওপারে থাকা কোনও গ্রামকে

F. 'এমন একটি দেশে আসলে সকলে পথ হারায়' – কারণ : প্রাত্যহিক নাগরিক জীবনযাত্রায় ক্লান্ত মন প্রকৃতির অনাবিল সান্নিধ্যে মুক্তি পায়

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

i. মন্তব্যটি ভুল, কারণ সঠিক

ii. মন্তব্যটি ও কারণ- দুটিই সঠিক

iii. মন্তব্যটি ও কারণ- দুটিই ভুল

iv. মন্তব্যটি সঠিক, কারণ ভুল

7).**সহায়ক পাঠ** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো :(যে কোনও **পাঁচটি**) 1x5=5

A. গায়েবের চোখে আগুন ছুটেছিল কখন ?

i. মন্ত্রী যখন বিশ্বাসঘাতকতা করেছিলেন

ii. উপাসনা সত্ত্বেও দেবরথ না আসায়

iii. যখন বুঝলেন যবনদের সঙ্গে পরাজয় নিশ্চিত

iv. যখন বুঝলেন মায়ের মৃত্যু হয়েছে

B. সুভাগা কী দেখে বুঝলেন গায়েবীকে এই পৃথিবীতে বেশি দিন ধরে রাখা যাবে না?

i. গায়েবীর মুখে সূর্যের আলো ক্রমে ফুটে উঠতে দেখে

ii. গায়েবীর মুখে সূর্যের আলো ক্রমে অস্পষ্ট হতে দেখে

iii. গায়েবীর কালো চুলে চাঁদের জ্যোৎস্না ধীরে ধীরে নিভে যেতে দেখে

iv. গায়েবীর কালো চুলে চাঁদের জোৎস্না ধীরে ধীরে প্রস্ফুটিত হতে দেখে

C. ‘বৃদ্ধ ব্রাহ্মণের জীবন-প্রদীপ নির্বাপিত হলো----

i. অপরাহ্ণে আরতি শেষে নিভন্ত প্রদীপের মতো

ii. সন্ধ্যার অন্ধকারে আরতি শেষে নিভন্ত প্রদীপের মতো

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

iii. ভোর বেলায় আরতি শুরুতে জ্বলন্ত প্রদীপের মতো

iv. রাতের অন্ধকারে সূর্যমন্দিরের জ্বলন্ত প্রদীপের মতো

D). 'লজ্জায় গায়েবের মুখ লাল হয়ে গিয়েছিল--- কারণ : বন্ধুদের সঙ্গে সে খেলায় পরাজিত হয়েছিল

i. মন্তব্যটি ভুল, কারণ সঠিক

ii. মন্তব্যটি ও কারণ- উভয়ই সঠিক

iii. মন্তব্যটি ও কারণ- উভয়ই ভুল

iv. মন্তব্যটি সঠিক, কারণ ভুল

E). 'সুভাগা তখন সেই ধারা শ্রাবণে একা বসে বসে কাঁদতে লাগলেন'-- কোন্ কথা মনে করে কাঁদতে লাগলেন?

i. বাপ মায়ের কথা, শ্বশুর-শাশুড়ির নিষ্ঠুরতা, আর বিয়ের রাত্রে সুন্দর বরের হাসি মুখের কথা।

ii. বাপ মায়ের কথা, শ্বশুর-শাশুড়ির নিষ্ঠুরতা, আর বিয়ের রাত্রে বরের অত্যাচারের কথা।

iii. মায়ের কথা, শাশুড়ির নিষ্ঠুরতা, আর বিয়ের রাত্রে সুন্দর বরের হাসি মুখের কথা।

iv. বাপের কথা, শ্বশুর-শাশুড়ির নিষ্ঠুরতা, আর বিয়ের রাত্রে সুন্দর বরের হাসি মুখের কথা।

F). শিলাদিত্যর জন্য সূর্যকুণ্ড থেকে কী উঠে আসত ?

i. আদিত্যশীলা

ii. সাতটি ঘোড়া

iii. সপ্তশ্ব রথ

iv. সপ্তাশ্ব রথ

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE

Downloaded From : http://cbseportal.com/

-----------------------------------------------------------------------------------------

-------------------------------------------------------------------------------------

Downloaded From : http://cbseportal.com/ Courtesy : CBSE